# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
# ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

**Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.**

**Email. updfcht@gmail.com Website: www.updfcht.com**


***Ref:*** ***Date:*** ১ অক্টোবর ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## গুইমারা সাম্প্রদায়িক সহিংসতায় জেলা প্রশাসনের গঠিত তদন্ত কমিটি প্রত্যাখ্যান, জাতিসংঘের মাধ্যমে তদন্তের দাবি

খাগড়াছড়ির গুইমারায় গত ২৮ সেপ্টেম্বর সংঘটিত সাম্প্রদায়িক হামলা, হত্যাকাণ্ড, লুটপাট ও অগ্নিসংযোগের ঘটনায় খাগড়াছড়ি জেলা প্রশাসনের গঠিত তদন্ত কমিটিকে প্রত্যাখ্যান করে জাতিসংঘের অংশগ্রহণের মাধ্যমে ঘটনার সুষ্ঠু তদন্তের দাবি জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ বুধবার (১ অক্টোবর ২০২৫) সংবাদ মাধ্যমে দেওয়া এক বিবৃতিতে ইউপিডিএফের মুখপাত্র অংগ্য মারমা স্থানীয় প্রশাসনের তদন্ত কমিটি গঠনের ঘোষণাকে জনরোষ প্রশমিত করার জন্য লোকদেখানো প্রচেষ্টা উল্লেখ করে বলেন, "অতীতে এ ধরনের বহু তদন্ত কমিটি গঠিত হলেও আজ পর্যন্ত কোন হামলায় অপরাধীদের চিহ্নিত করে বিচারের মুখোমুখি করা হয়নি, এমনকি অনেক তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশ করা হয়নি।"

এ প্রসঙ্গে তিনি উদাহরণ দিয়ে বলেন, "গত বছর ১৯-২০ সেপ্টেম্বর খাগড়াছড়ির দীঘিনালা, খাগড়াছড়ি সদর ও রাঙামাটিতে পাহাড়িদের ওপর সংঘটিত সাম্প্রদায়িক হামলা ও হত্যাকাণ্ডের ঘটনায় সরকার উচ্চ পর্যায়ের একটি তদন্ত কমিটি গঠন করলেও তার কোন রিপোর্ট আজও প্রকাশ করা হয়নি। হামলা ও হত্যাকাণ্ডে জড়িতদেরও বিচারের মুখোমুখি করা হয়নি।"

পার্বত্য চট্টগ্রামের বর্তমান বাস্তবতায় স্থানীয় প্রশাসন কর্তৃক কিংবা জাতীয় উচ্চ পর্যায়ে তদন্ত কমিটি গঠন করা হলে তার প্রতি জনগণের কোন আস্থা থাকবে না বলে অংগ্য মারমা মন্তব্য করেন এবং বলেন, ২৪-এর গণঅভ্যুত্থানের সময় সংঘটিত মানবাধিকার লঙ্ঘনের তদন্ত যেভাবে জাতিসংঘের সংশ্লিষ্টতায় করা হচ্ছে, পার্বত্য চট্টগ্রামের বেলায় সেভাবে করা জরুরী।

তিনি অবিলম্বে জাতিসংঘকে জড়িত করে খাগড়াছড়ি ও গুইমারা হামলার ঘটনা তদন্তের দাবি মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরনচাকমা

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।